

# আন্তর্জাতিক সাহিত্য উৎসব বৃহস্পতিবার শুরু

## ■ ইত্তেফাক রিপোর্ট

ঢাকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে তিনদিনব্যাপী আন্তর্জাতিক সাহিত্য উৎসব 'হে ফেস্টিভ্যাল'। বাংলা একাডেমি প্রাঙ্গণে আগামী ১৪, ১৫ ও ১৬ নভেম্বর পর্যন্ত চলেবে এই উৎসব। বাংলাদেশ এ নিয়ে তৃতীয়বারের মতো হে ফেস্টিভ্যাল অনুষ্ঠিত হতে যাচ্ছে। আগের দুইবারের মতো এবারও বিশ্বের বিভিন্ন দেশের কয়েকজন শীর্ষস্থানীয় লেখক ও চিত্রাবিদ এই উৎসবে অংশ নেবেন এবং তাঁদের চিত্রা ও অনুভূতি বিনিময় করবেন। সেই সাথে অংশ নেবেন বাংলাদেশের খ্যাতিমান সাহিত্যিকরাও।

সোমবার বাংলা একাডেমির সেমিনার হলে আয়োজিত

সাংবাদিক সম্মেলনে

আয়োজকরা এসব তথ্য জানান।

সাংবাদিক সম্মেলনে উপস্থিত

ছিলেন, বাংলা একাডেমির

মহাপরিচালক শামসুজ্জামান

খান, মূল সহযোগী ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম,

কথাসাহিত্যিক সৈয়দ মনজুরুল ইসলাম, উৎসবের সহ-

প্রযোজক সাদাফ সাফ সিদ্দিকী প্রমুখ।

সাংবাদিক সম্মেলনে কথা হয়, ১৪ নভেম্বর সকাল নয়টায়

আনুষ্ঠানিকভাবে এ উৎসবের সূচনা হবে। এরপর শুরু হবে

উৎসবের নানা আয়োজন। এ উৎসবকে কেন্দ্র করে বাংলাদেশি

লেখকদের একটি অংশ যারা ইংরেজিতে সাহিত্য চর্চা করছেন,

তাঁদের মধ্যে শব্বী আহমেদ, ফারাহ পজনজী, সাদ হোসেন,

সাদাফ সাফ প্রমুখের প্রথমবারের মতো বই প্রকাশিত হবে।

এছাড়া হাসান আজিজুল হক ও সৈয়দ মনজুরুল ইসলামের

ইংরেজিতে প্রথম গল্পসংকলন প্রকাশিত হবে এ উৎসবে।

এই উৎসবে বিদেশি কবি-লেখকদের মধ্যে

থাকবেন—ডারেক আসি, আহমদ শোয়েব, পত্রক মিশ্র, নাঈম আশরান, আমের হুসেন, রবেণ ওনেসেকেরা প্রমুখ। দেশের প্রতিভাশালী কবি ও লেখকদের মধ্যে থাকছেন—সৈয়দ শামসুল হক, হাসান আজিজুল হক, সেলিনা হোসেন, সৈয়দ মনজুরুল ইসলাম, মুহম্মদ জাফর ইকবাল প্রমুখ।

আয়োজকরা জানান, শিত-কিশোরদের জন্যও চমকপ্রদ কিছু অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে এই উৎসবে। জাতীয় কবিতা পরিষদের বনামধন্য ও ভরুপ কবিদের কণ্ঠে স্বরচিত কবিতা, খ্যাতিমান ছড়াকারদের স্বকণ্ঠে ছড়া, নৃ-জাতিগোষ্ঠীর কবিদের স্বকণ্ঠে কবিতা এবং তাঁদের বিপুলপ্রায় ভাষা ও সাহিত্য নিয়ে মনোমগ্ন আলোচনা থাকবে। আরও থাকবে

আঞ্চলিক ভাষার কবিতার উচ্চারণ ও গ্রাফিক্স গল্প বলার অনুষ্ঠান।

প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত অনুষ্ঠান শব্দে

## বাংলা একাডেমিতে নানা আয়োজন

জন্য উন্মুক্ত থাকবে।

ইমামুল আহমেদকে স্মরণ করণ শিল্পিত : নয়ন তোমারে পায়না দেখিতে রয়েছে নয়নে নয়নে' পিরোনানে আলোচনা, কবিতা পাঠ ও আবৃত্তি অনুষ্ঠানের মধ্য দিয়ে কথাসিদ্ধী ইমামুল আহমেদের জন্মদিন উদযাপন করে সাংস্কৃতিক সংগঠন শিল্পিত। গতকাল সকালে জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ব্যারিস্টার আশীরা-উল-ইসলাম। বিশেষ অতিথি ছিলেন মাহমুদুর রহমান নান্না, অধ্যাপক ড. সৌমিত্র শেখর, ন্যাটাসন কুনা, চৌধুরী শরীফ, ফাউন্ডেশনের চেয়ারম্যান পরীফ আশরাফউজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ওসমান গনি।